

নং: ৪৭.৬২.০০০০.৫০৬.০০.০০৫.২০.১২৬৩০

তারিখ: ২২ নভেম্বর ২০২৩

অফিস আদেশ

অর্থ বিভাগের গত ১৮/০৭/২০২৩ তারিখের ১৩২ নং স্মারকের প্রজ্ঞাপন অনুসরণে ইউসিসিএসমুহে কর্মরত কর্মচারীদের জন্য ৫ (পাঁচ) শতাংশ হারে অথবা ন্যূনতম ১০০০/- (এক হাজার) টাকা 'বিশেষ সুবিধা' নিয়মের শর্ত সাপেক্ষে কার্যকর করা হলো:

- ক) শুধুমাত্র চাকরিরত কর্মচারীগণ ১ জুলাই ২০২৩ তারিখ হতে প্রতি বছর ১ জুলাই তারিখে প্রাপ্য মূল বেতনের উপর ৫% (পাঁচ) বর্ধিত হারে প্রাপ্য হবেন; তবে উক্ত প্রাপ্যতা ১০০০/- (এক হাজার) টাকার কম হবে না।
- খ) সংশ্লিষ্ট অর্থবছরে আবশ্যিকভাবে ইউসিসিএ'র প্রকৃত অর্জিত আয় থাকা সাপেক্ষে এ 'বিশেষ সুবিধা' প্রযোজ্য হবে, অন্যথায় বাস্তবায়ন করা যাবে না।
- গ) সংশ্লিষ্ট অর্থবছরে আবশ্যিকভাবে ইউসিসিএ'র অনুমোদিত বাজেটে এ বাবদ অর্থ সংস্থান থাকতে হবে।
- ঘ) কোনক্রমেই ইউসিসিএ'র মূলধন (ঋণ তহবিল, শেয়ার, সঞ্চয় প্রভৃতি) অথবা অন্য কোন দায়যুক্ত তহবিলের অর্থ অবক্ষয় করে এ 'বিশেষ সুবিধা' প্রদান করা যাবে না।
- ঙ) সাময়িক বরখাস্তকৃত কর্মচারীগণ বরখাস্ত হওয়ার তারিখের অব্যবহিত পূর্বের মূল বেতনের ৫০% (অর্ধেক) এর উপর ৫% হারে এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন।
- চ) বিনা বেতনে ছুটিতে থাকাকালীন কর্মচারীগণ এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন না।
- ছ) দীর্ঘ দিন যাবৎ অর্থাৎ ৬০ দিন বা তদূর্ধ্ব সময় যে সকল কর্মচারী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত তারা এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন না।
- জ) নির্দেশনা অমান্য করে এ 'বিশেষ সুবিধা' বাস্তবায়ন করা হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ইউআরডিও'র উপর বর্তাবে।
- ঝ) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ ১ জুলাই ২০২৩ হতে কার্যকর হবে।



মোহাম্মদ শহীদ উল্লাহ
উপপরিচালক (সমবায়)

উপপরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
..... (সকল জেলা)।

নং: ৪৭.৬২.০০০০.৫০৬.০০.০০৫.২০.১২৬৩০

তারিখ: ২২ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

২। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা। পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, (সকল উপজেলা)।



মোঃ নাজমুল হক
সহকারী পরিচালক (সমবায়)